# প্রধানমন্ত্রীর সঙ্গে আমিরাতের রাষ্ট্রদূতের সৌজন্যে বৈঠক



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত আবদুল্লাহ আলী আল হুমুদি।

সোমবার (২৮ সেপ্টেম্বর) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে বাংলাদেশে আমিরাতের বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানো, দক্ষ বাংলাদেশি জনশক্তির কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং বিভিন্ন খাতে দ্বিপক্ষীয় সহযোগিতা জোরদার নিয়ে আলোচনা হয়। জ্বালানি, অবকাঠামো, এভিয়েশন, তথ্যপ্রযুক্তি, রেলওয়ে ও লজিস্টিকস খাতও আলোচনায় ছিল।

এ সময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী-১ হুমায়ুন কবির এবং ইনভেস্টমেন্ট বাংলাদেশ কর্তৃপক্ষের চেয়ারম্যান আশিক চৌধুরী উপস্থিত ছিলেন। রাষ্ট্রদূতের সঙ্গে দূতাবাসের ঊর্ধ্বতন কর্মকর্তারাও বৈঠকে অংশ নেন।

LENS ASIA